

২০২১

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠক্রম অনুসারে মান্য করতে হবে)

- ১। (ক) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ১০
অথবা,
(খ) অমিত্রাক্ষর ছন্দ বলতে কী বোঝো, উদাহরণসহ আলোচনা করো। ১০
অথবা,
(গ) সংজ্ঞা ও উদাহরণসহ পরিচয় দাও (যে-কোনো দুটি)। ৫+৫
দল, যতি, পঙ্ক্তি, ছন্দোরীতি, সনেট।
- ২। যে-কোনো দুটি কাব্যংশের ছন্দোলিপি প্রস্তুত করো (মাত্রা, পর্ব, লয়, রীতি উল্লেখ করতে হবে)। ৫×২
- (ক) এটা কিছু অপূর্ব নয় ঘটনা সামান্য খুবই
শঙ্কা যেথায় করে না কেউ সেইখানে হয় জাহাজ-ডুবি।
- (খ) নিম্নে যমুনা বাহে স্বচ্ছ শীতল,
উর্ধ্বে পাষণতট শ্যাম শিলাতল।
- (গ) বর্ণা বর্ণা সুন্দরী বর্ণা
তরলিত চন্দ্রিকা চন্দন বর্ণা
অঞ্চল শিথিলিত গৈরিকে স্বর্ণে
গিরি মল্লিকা দোলে কুস্তলে কর্ণে।
- (ঘ) অব মথুরাপুর মাধব গেল।
গোকুল-মানিক কো হরি নেল ॥
গোকুলে উছলল করুণাক রোল।
নয়ন জলে দেখ বহয়ে হিলোল ॥
- (ঙ) সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা
আঁধারে মলিন হল যেন খাপে ঢাকা
বাঁকা তলোয়ার।

Please Turn Over

৩। (ক) অনুপ্রাস অলংকার কাকে বলে? উদাহরণসহ আলোচনা করো।

১৫

অথবা,

(খ) যে-কোনো তিনটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

৫×৩

সার্থক যমক, মালোপমা, শ্লেষ বক্রোক্তি, অপহুতি, ব্যাজন্তুতি।

৪। যে-কোনো দুটি অংশের অলংকার নির্ণয় করো।

৫×২

(ক) কোপে গরজিল রাধা যেহু কালসাপ।

(খ) তব জন্মপুরে, তাত পদার্পণ করে
বনবাসী। হে বিধাতঃ, নন্দন কাননে
ভ্রমে দুরাচার দৈত্য? প্রফুল্ল কমলে
কীটবাস?

(গ) এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ
মরণে তাহাই তুমি করে গেলে দান।

(ঘ) তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।

(ঙ) নিদ্রাবিহীন শশী
আকাশ পারাপারের খেয়া একলা চালায় বসি।

৫। (ক) ‘পূর্বরাগ’ কাকে বলে? পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্যপদ অনুসারে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দাও।

৩+১+৮

অথবা,

(খ) ‘মাথুর’ বলতে কী বোঝো? মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের উক্ত কবির শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

৩+১+৮

৬। (ক) “অভিনব হেম কল্পতরু সঞ্চরক
সুরধুনী-তীরে উজোর ॥”

— কোন পর্যায়ের পদ? কবি কে? উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+২

অথবা,

(খ) “গাগরি-বারি চারি করি পীছল
চলতহি অঞ্জলি চাপি ॥”

— পদটি কার রচনা? ‘গাগরি’ শব্দের অর্থ কী? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+২

৭। (ক) চণ্ডীমঙ্গল ১ম খণ্ড অবলম্বনে মুকুন্দ চন্দ্রবর্তীর রচনায় উপন্যাসের লক্ষণ কী কী আছে, আলোচনা করো।

১৪

অথবা,

(খ) কালকেতু চরিত্র নির্মাণে কবি মুকুন্দের কৃতিত্বের পরিচয় দাও।

১৪

- ৮। (ক) “তৈল বিনা কৈলুঁ স্নান করিলুঁ উদক পান
শিশু কাঁদে ওদনের তরে।”
— উদ্ধৃতিটি চণ্ডীমঙ্গল কাব্যের কোন অংশের অন্তর্গত? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

অথবা,

- (খ) “বৈশাখ হৈল আগো মোরে বড় বিষ।
মাংস নাহি খায় সর্ব লোক নিরামিষ।”
— কে কাকে এই কথা বলেছে? উক্তিটির তাৎপর্য কী? ১+১+২

- ৯। (ক) রামপ্রসাদ সেনের শাক্ত পদাবলীতে তাঁর কবিস্বভাব এবং সাধক সত্তার যে প্রকাশ ঘটেছে তা পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো। ১২

অথবা,

- (খ) শাক্ত পদাবলীতে সমকালীন সমাজচিত্র কীভাবে ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো। ১২

- ১০। (ক) “হেরিয়ে তনয়া-মুখ, পাসরিলাম সব দুখ,
আজি সে কেমন সুখ হতেছে স্বপন-জ্ঞান।”
— কোন পর্যায়ের পদ? কবি কে? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

অথবা,

- (খ) “ভবের গাছে বেঁধে দিয়ে মা, পাক দিতেছ অবিরত।
তুমি কি দোষে করিলে আমায়, ছ’টা কলুর অনুগত।”
— কোন পর্যায়ের পদ? কবি কে? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+২

- ১১। প্রফকপিতে মুদ্রণ-প্রমাদ সংশোধনের জন্য ব্যবহৃত যে-কোনো পাঁচটি চিহ্নের উদাহরণসহ প্রয়োগ দেখাও। ৫

অথবা,

(শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

- নীচের বানানগুলি সংশোধন করো (যে-কোনো পাঁচটি) : ৫
মুহূর্ত, বিভিসিকা, সাম্বনা, সদ্যজাত, পুরষ্কার, শীততাপ, বীকশীত, সাস্ত্রী।